



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩(সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স আতিক এন্টারপ্রাইজ, যার অবস্থান, ঠিকানা- আলীর জাহান, প্রধান সড়ক, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার এবং যার প্রোপ্রাইটর- এইচ এম এরশাদ, যাহার বর্তমান ঠিকানা-পিতা- মরহুম বদিউল আলম, মাতা- জোবেদা বেগম, সাং পশ্চিম এস. এম পাড়া, বর্ধিত পৌর এলাকা, থানা ও জেলা- কক্সবাজার। স্থায়ী ঠিকানাঃ ঐ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২০/০৪/২০২৫ পর্যন্ত ব্যাংকের বকেয়া পাওনা আসল ও সুদ বাবদ মোট ২১,২১,৮০৭/- টাকা (একুশ লক্ষ একুশ হাজার আটশত সাত টাকা মাত্র) এবং আদায়কালতক সুদসহ মামলা ও অন্যান্য খরচাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত হাইপোথেক/প্রেজকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) ও স্থাবর সম্পত্তি (তদস্থিত ভবন, স্থাপনা ও যন্ত্রপাতিসহ) অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩(সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

“বন্ধকীকৃত সম্পত্তির তফসিল”

জিলা-কক্সবাজার, থানা-কক্সবাজার, মৌজা-বিলংজা (বর্ধিত পৌরসভা), জে. এল. ইং -১৭, আর এস খতিয়ান নং- ৮৪২, এম.আর. আর খতিয়ান নং- ২১২৪ এর আন্দর তুলনামূলক বি, এস. খতিয়ান নং- ৭৩৬, বি.এস দাগ নং ৬২০৫, বিএস মিউটেশন খতিয়ান নং- ৭২৭৮, বিএস মিউটেশন দাগ নং $\frac{৬২০৫}{৩৩৫৬১}$ । মোট জমির পরিমাণ-০.০৪ একর

ঃ শর্তসমূহ :

- আগামী ০৬/০৭/২০২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, কক্সবাজার শাখা, কক্সবাজার এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক, পিএলসি, কক্সবাজার শাখা, কক্সবাজারে পৌঁছাইতে হইবে।
- দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় যাহা রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ		অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধের ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ

www.sonalibank.com.bd

কক্সবাজারশাখা, লালদিঘীরপাড়, মেইন রোড, কক্সবাজার
ফোনঃ+৮৮০২৩৩৪৪৬২৬৪৫, মোবাইলঃ+৮৮০১৭০৮১২৮৯৮০

হটলাইনঃ ১৬৬৩৯
+৮৮০৯৬১০০১৬৬৩৯





সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

- ০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- ০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ০৮। ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- ০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ না করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- ১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(মোঃ জসিম উদ্দিন)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

সোনালী ব্যাংক পিএলসি

কক্সবাজার শাখা, কক্সবাজার।

মোবাইল নং-০১৭০৮১২৮৯৮০

Md. Zashim Uddin (G-41331)

Senior Principal Officer & Manager

Sonali Bank PLC.

Cox's Bazar Branch, Cox's Bazar.

www.sonalibank.com.bd

কক্সবাজারশাখা, লালদিঘীরপাড়, মেইন রোড, কক্সবাজার

ফোনঃ+৮৮০২৩৩৪৪৬২৬৪৫, মোবাইলঃ +৮৮০১৭০৮১২৮৯৮০

হটলাইনঃ ১৬৬৩৯

+৮৮০৯৬১০০১৬৬৩৯